ই-মেইল/বাহক মারফত
নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ec.org.bd

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০২.১৬-৫৪৫

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪ / ০২ নভেম্বর ২০১৭

বিষয়: ০৪ নভেম্বর ২০১৭ ইং (শনিবার) হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, চাঁদপুর জেলার হাইমচর উপজেলার চরভৈরবী ইউনিয়নের ৩টি কেন্দ্রে চেয়ারম্যান পদে পুনঃনির্বাচন এবং পাবনা জেলার সুজানগর উপজেলার আহম্মদপুর ইউনিয়নের ৯নং সাধারণ ওয়ার্ডে সমভোটপ্রাপ্ত দুইজন প্রার্থীর মধ্যে পুনঃভোটগ্রহণ উপলক্ষে আইন-শৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ০৪ নভেম্বর ২০১৭ ইং (শনিবার) হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, চাঁদপুর জেলার হাইমচর উপজেলার চরভৈরবী ইউনিয়নের ৩টি কেন্দ্রে চেয়ারম্যান পদে পুনঃনির্বাচন এবং পাবনা জেলার সুজানগর উপজেলার আহম্মদপুর ইউনিয়নের ৯নং সাধারণ ওয়ার্ডে সমভোটপ্রাপ্ত দুইজন প্রার্থীর মধ্যে পুনঃভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। অতীতের ন্যায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি আইন-শৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালকের নেতৃত্বে উক্ত সেলে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:

১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. বাংলাদেশ পুলিশের এসপি/এডিশনাল এসপি পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/র‌্যাব/আনসার ও ভিডিপি এর মেজর/ উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা ; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের এসপি/এডিশনাল এসপি পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০২। নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষ ৬ষ্ঠ তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-এ স্থাপিত উল্লিখিত সেল-এর কার্যক্রম হবে **০৪ নভেম্বর ২০১৭** তারিখ (প্রয়োজনে পরে আরও ২/১ দিন অব্যাহত রাখা হবে)। সেলের কর্মপরিধি নিম্নরূপ:

(ক) নির্বাচনের দিন আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;
(খ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইন-শৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;
(গ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে অবহিতকরণ;
(ঘ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;
(ঙ) ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান।

০৩। উল্লিখিত সেল যেন কার্যকর হয় এবং কমিশনকে যেন সময়ে সময়ে পরিস্থিতি অবহিত রাখা হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৪। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের জন্য একজন করে কর্মকর্তা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২/১১/২০১৭

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৮
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, বিজিবি/র‌্যাব/আনসার ও ভিডিপি, ঢাকা
৪। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫। উপ-মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা ঢাকা

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০২.১৬-৫৪৫

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪
০২ নভেম্বর ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. সচিব, তথ্য মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৭. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৯. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১০. জেলা প্রশাসক, ...(সংশ্লিষ্ট)
১১. পুলিশ সুপার, ...(সংশ্লিষ্ট)
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...(সংশ্লিষ্ট)
১৩. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. জেলা নির্বাচন কর্মকর্তা, ...(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৬. উপজেলা নির্বাহী অফিসার, ...(সংশ্লিষ্ট)
১৭. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ...(সংশ্লিষ্ট)
১৮. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৯. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ/নির্বাচন প্রশাসন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সহকারী সচিব (সাধারণ সেবা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (টেলিফোন, ফ্যাক্স সংযোগ ও অন্যান্য আনুসঙ্গিক বিষয়ে এবং আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২৩. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ...(সংশ্লিষ্ট) ও সহাকারী রিটার্নিং অফিসার
২৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা।

০২.১১.১৭

(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯